রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৮, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই আষাঢ় ১৪০৮বাং/২৮শে জুন ২০০১ইং

এস, আর, ও নং ১৭০-আইন/২০০১।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 185 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড Income Tax Rules, 1984 এ নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিতেছে, যথা ঃ—

উপরি-উক্ত Rules এর—

(ক) rule-17A এ "The collector of customs" শব্দগুলির পরিবর্তে "The Commissioner of Customs" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) rule-17F বিলুপ্ত হইবে;

(গ) rule-37 এর sub-rule (2) এর clause (a) এর sub-clauses (i), (iii), (vii), (viii) এবং (ix) বিলুপ্ত হইবে;

(ঘ) rule-38 এর sub-rule (1) এর clause (a) এর নিম্নরূপ নূতন clauses (b) ও (bb) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(b) such return does not show any payment or receipt of gift;

(bb) such return does not show any income in respect of which tax is exempted by a notification made under section 44(4)(b) of the Ordinance;";

মূল্য ঃ টাকা ১.০০

S.R.O. No. 170/2001 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com 1 / 2

(ঙ) rule-38B এর sub-rule (2) এর—

(অ) clause (a) এর sub-clause (i) এ "taka two thousand and five hundred" শব্দগুলির পরিবর্তে "taka one thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) clause (b) এর sub-clause (i) এ "taka one thousand and five hundred" শব্দগুলির পরিবর্তে "taka one thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। উপরি-উক্ত সংশোধনী উক্ত Ordinance এর section 185 এর sub-section (4) এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে এতদ্দ্বারা প্রাক-প্রকাশ করা হইল।

৩। উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও কোন আপত্তি বা পরামর্শ থাকিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে এই প্রজ্ঞাপন সরকারী গেজেটে প্রকাশের অনধিক পনের দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট উহা পৌঁছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে এবং জাতীয় রাজস্ব বোর্ড তাহা বিবেচনা করিবে। উক্ত সময়ের মধ্যে কোন পরামর্শ বা আপত্তি পাওয়া না গেলে এইরূপ প্রাক-প্রকাশ চূড়ান্ত প্রকাশ বলিয়া গণ্য করা হইবে এবং প্রাক প্রকাশের তারিখে সংশোধনীসমূহ কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ফারুক আহমদ সিদ্দিকী
সদস্য (আয়কর নীতি)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

S.R.O. No. 170/2001 ; unofficial copy for study ; Md Sajid Hossain Shimanto ; smartaccountantbd.com ;